

107624 - হিজাব না-পরা কি রোয়া ভঙ্গকারী?

প্রশ্ন

আমি হিজাব পরিধান করি না; এতে করে কি আমার রমযানের রোয়া নষ্ট হয়ে যাবে?

প্রিয় উত্তর

এক:

একজন মুসলিম নারী হিজাব পরতে আদিষ্ট। ইতিপূর্বে এই ওয়েবসাইটের একাধিক প্রশ্নোত্তরে হিজাবের ব্যাপারে আলোচনা করা হয়েছে। সে প্রশ্নোত্তরগুলোতে কয়েকটি বিষয় তুলে ধরা হয়েছে। এর মধ্যে কোনটি ছিল হিজাবের ভুক্ত বর্ণনা করা তথা হিজাব করা ওয়াজিব। যেমনটি এসেছে 21536 নং প্রশ্নোত্তরে। কোন কোন প্রশ্নোত্তরে হিজাব ওয়াজিব হওয়ার দলিলগুলো আলোচিত হয়েছে। যেমন 13998 নং ও 11774 নং প্রশ্নোত্তরে। কোন কোন প্রশ্নোত্তরে হিজাবের শরয়ি বৈশিষ্ট্য তুলে ধরা হয়েছে। যেমন 6991 নং প্রশ্নোত্তরে। আবার কোন কোন প্রশ্নোত্তরে মুসলিম নারীর জীবনে হিজাবের গুরুত্ব তুলে ধরা হয়েছে।

দুই:

কোন নারী যদি হিজাব না করেন তাহলে তিনি স্বীয় প্রভুর অবাধ্য হচ্ছেন। কিন্তু তার রোয়া সহিহ। কেননা পাপগুলো রোয়াকে নষ্ট করে না; হিজাব না-করাও একটি পাপ। তবে পাপ রোয়ার সওয়াবে ঘাটতি করে এবং হতে পারে গোটা সওয়াবই নষ্ট করে দেয়।

আমার আপনাকে রোয়া রাখার পাশাপাশি হিজাব করার আহ্বান জানাচ্ছি। কারণ রোয়ার উদ্দেশ্য কেবল পানাহার থেকে বিরত থাকা নয়। বরং রোয়ার উদ্দেশ্য হচ্ছে- হারাম সবকিছু থেকে বিরত রাখা। এ কারণে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “পানাহার থেকে বিরত থাকা রোয়া নয়; বরং অনর্থক ও অশ্রীলতা থেকে বিরত থাকাই রোয়া।” [মুস্তাদরাকে হাকিম, আলবানী ‘সহিহল জামে’ গ্রন্থে (৫৩৭৬) হাদিসটিকে সহিহ বলেছেন]

অতএব আপনার রোয়া রাখা যেন আপনাকে আল্লাহর আনুগত্যের দিকে ধাবিত করে ও নিয়েধ থেকে দূরে রাখে।

আমরা আল্লাহ কাছে দোয়া করছি তিনি যেন আপনাকে তাঁর পছন্দনীয় ও সন্তুষ্টিজনক আমলগুলো করার তাওফিক দেন।

আল্লাহই সর্বজ্ঞ।